খাগড়াগর কাণ্ড ধৃত তারিকুল ইসলামকে হেপাজতে নিল রাজ্য পুলিশের এসটিএফ

নিজস্ব প্রতিবেদন, বহরমপুর: খাগড়াগর কাণ্ডে ধৃত তারিকুল ইসলামকে হেপাজতে নিল রাজ্য পুলিশের এসটিএফ। এদিন আসাম ও রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স তারিকুল ইসলামকে নিজেদের হেপাজতে নেওয়ার জন্য আবেদন করে। শেষ পর্যন্ত আদালতের নির্দেশে তারিকুল ইসলামকে তেরো দিনের জন্য রাজ্য পুলিশের টাস্ক ফোর্স নিজেদের হেপাজতে পেল। তবে আসাম পুলিশের টাস্ক ফোর্সের কর্তা তারিকুলের সঙ্গে বহরমপুর কেন্দ্রীয় সংশোধনাগারে দেখা করে। পরে তারিকুলকে বহরমপুর জেলা আদালতে তোলা হয়।

২০১৪ সালের ২ অক্টোবর খাগড়াগর কাণ্ডে গ্রেপ্তার হয় তারিকুল ইসলাম। তারিকুল ইসলামকে রাখা হয়েছিল বহরমপুরে কেন্দ্রীয় সংশোধনাগারে। তারিকুলের সঙ্গে আনসারুল্লা বাংলা টিমের প্রধানের যোগাযোগ ছিল। নওদা থেকে ধৃত আব্বাস শেখ ও আমিরুল ইসলামের মগজ ধোলাইয়ের পিছনেও তারিকুলের ভূমিকা রয়েছে বলে দাবি গোয়েন্দাদের।

আনসারুল্লা বাংলা টিমের বেশ কয়েকজন এখন আসাম পুলিশের হেপাজতে রয়েছে। তারমধ্যে রয়েছে সাদ শেখ ও তার মাসতুতো ভাই। আসাম পুলিশের এসটিএফ দাবি জানিয়েছে, তারিকুলকে তাদের মুখোমুখি বসিয়ে জেরা করলে তদন্তের আরও গভীরে পৌঁছানো যাবে। সেইমতো তারা তারিকুলকে নিজেদের হেপাজতে নিতে আবেদন জানায়। কেন্দ্রীয় সংশোধনাগারে গিয়ে তার সঙ্গে বেশ কিছুক্ষণ কথাও বলে। একইদিনে রাজ্য পুলিশের টাস্ক ফোর্সও তারিকুলকে তাদের হেপাজতের আবেদন জানায়। রাজ্য পুলিশের হাতে রয়েছে নওদা থেকে জঙ্গি সন্দেহে ধৃত আরও দু'জন। এদিন বহরমপুর জেলা আদালতের বিচারক তারিকুলকে রাজ্য পুলিশের এসটিএফের হেপাজতের নির্দেশ দেন।

বাংলার বাড়ি প্রাপকদের সংবর্ধনা উপপ্রধানের

নিজস্ব প্রতিবেদন, শাসন: 'বাংলার বাড়ি' প্রাপকদের ফুল মিষ্টি দিয়ে সংবর্ধনা ও জনসংযোগ উপপ্রধানের। সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ বাড়ির জন্য কেউ টাকা চাইতে এলে দেবেন না, জানিয়ে দিলেন উপভোক্তাদের। বারাসাত ২ নম্বর ব্লকের দাতপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান আবদুল হাই এর এই অভিনব উদ্যোগে খুশি এলাকার ৯১ জন ঘর প্রাপক ও এলাকার মানুষ।

কেন্দ্রীয় সরকার টাকা আটকে রেখেছে। অথচ বাংলার দরিদ্র মানুষের পাকা বাড়ির স্বপ্ন 'বাংলার বাড়ি' প্রকল্পের মাধ্যমে পূরণ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজনৈতিক রং না দেখেই দেওয়া হয়েছে ঘরের টাকা। বাংলার বাড়ি নিয়ে সিপিআই (এম), আইএসএফ, বিজেপি নেতারা বিরোধিতা, কুৎসা, তছরুপের অভিযোগ তুলেছিল। এবার তাদের কর্মী সমর্থকদের অ্যাকাউন্টেই ঢুকেছে আবাসের প্রথম কিস্তির টাকা। ব্যতিক্রম নয় দাঁতপুর গ্রাম পঞ্চায়েতও। সেইজন্য পঞ্চায়েত ও অঞ্চল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে

এবং উপপ্রধানের উদ্যোগে দেওয়া হল ফুলের তোড়া, মিষ্টির প্যাকেট।

বারাসাত দু'নম্বর ব্লকের পকদাহ এলাকায় প্রায় ৯১ জন বাংলার আবাস যোজনা ঘরের প্রথম কিস্তি টাকা ঢুকেছে। তার মধ্যে ১১ জন বিরোধী রাজনৈতিক দলের কর্মী সমর্থক। কোন রং না দেখে যাদের বাংলার আবাসের টাকা ঢুকেছে তাদের প্রত্যেকের বাড়িতে গিয়ে দেওয়া হচ্ছে সংবর্ধনা ফুলের তোড়া ও মিষ্টির প্যাকেট। সিপিআইএম সমর্থক মহম্মদ আব্দুল জলিল ও আইএসএফ সমর্থক মোহাম্মদ নাজমুল আলমের দাবি একাধিকবার আবাসের জন্য তারা আবেদন করেছিলাম ত্রিপলের ঘরে থেকেও তাদের নাম বারবার বাদ দেওয়া হয়েছিল। এবারে তাদের ঘরের লিস্টে নাম এবং প্রথম কিস্তির টাকা অ্যাকাউন্টে দেওয়া হয়েছে। উপপ্রধান আবদুল হাই বলেন, দিদিকে ফোন করেও বাড়ির জন্য আবেদন করে অনেকে বাড়ি পেয়েছেন। তিনি স্বচ্ছতা পছন্দ করেন। আমরাও আমাদের গ্রাম পঞ্চায়েতে দিদির নির্দেশ মেনে স্বচ্ছতা সঙ্গে কাজ করেছি বলেই বিরোধীরাও ঘর পেয়েছেন।

দুবরাজপুর নেপাল মজুমদার ভবনে শুরু হল চার দিনব্যাপী বিজয়িনী নাট্য সমারোহ। সেজুতি পরিচালিত এই নাট্য উৎসবের সূচনা করেন পদ্মশ্রী লোকশিল্পী রতন কাহার। সেজুতি নাট্যদলের কর্ণধার সুমনা চক্রবর্তী বলেন, চতুর্থ বর্ষের এই নাট্য উৎসবে মোট বারোটি নাট্য দল অংশগ্রহণ করেছে। এই উৎসবে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দুবরাজপুর পুরসভার চেয়ারম্যান পীযূষ পান্ডে, দুবরাজপুর শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রমের শীর্ষ সেবক স্বামী সত্য শিবানন্দ মহারাজ প্রমুখ।

উত্তরপাড়া পুরসভার উদ্যোগে মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য মক টেস্টের ব্যবস্থা



নিজস্ব প্রতিবেদন, উত্তরপাড়া: উত্তরপাড়া পুরসভার উদ্যোগে মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য মক টেস্টের ব্যবস্থা। এই মক টেস্ট পরীক্ষা উত্তরপাড়া হিন্দমোটরের বেশ কিছু স্কুলে মাধ্যমিক পরীক্ষার্থীদের পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করে। সোমবার দুপুর বারোটা থেকে পরীক্ষার্থীরা মক টেস্ট পরীক্ষা দিতে স্কুলগুলিতে আসে তারা বেশি উৎসাহ নিয়ে মক টেস্ট পরীক্ষা দিতে শুরু করে। উত্তরপাড়া পুরসভার উদ্যোগে পরীক্ষার্থীদের হাতে কলম তুলে দিলেন উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব তিনি পরীক্ষার্থীদের উৎসাহ দিলেন বললেন, ভালো করে পরীক্ষা দাও। উত্তরপাড়ার একটি স্কুলে তিনি গিয়েছিলেন তার সঙ্গে দেখা গেল উত্তরপাড়া পুরসভা সিআইসি উৎপলাদিত্য ব্যানার্জি ও কাউন্সিলর অর্ণব রায়, এছাড়া মাখলা দেবিশ্বরী স্কুলে পুরসভার সিআইসি ইন্দ্রজিৎ ঘোষ উপস্থিত ছিলেন। এইসঙ্গে শিক্ষক শিক্ষিকারা অন্যান্য স্কুলের পরীক্ষার্থীদের হাতে কলম তুলে দিলেন। এই প্রসঙ্গে পুরচেয়ারম্যান দিলীপ যাদব বলেন, এটা খুব ভালো জিনিস। বড় পরীক্ষা দেওয়ার আগে তারা যাতে আরো স্বাভাবিক হয় কোনও অসুবিধা না হয়। সেই জন্যই পরীক্ষার ব্যবস্থা করা আমরা আগে স্কুলগুলির শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে আলোচনা করে নিয়েছিলাম। উত্তরপাড়া অমরেন্দ্র বিদ্যাপীঠের প্রধান শিক্ষক সুশান্ত বাবু বললেন পুরসভার উদ্যোগ খুব ভালো লেগেছে। পরীক্ষার্থীদের খুব ভালো হবে। আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। পরিচালন সমিতির সভাপতি উৎপলাদিত্য ব্যানার্জি বলেন, এর ফলে পরীক্ষার্থীদের খুব উপকার হবে নার্ভাস ব্যাপারটা থাকবে না। উত্তরপাড়া খেলাধুলা ও পড়াশোনায় খুব ভালো ফল করে।

জোড়া খুনের যাবজ্জীবন সাজা ঘোষণা বারাসাত আদালতের

নিজস্ব প্রতিবেদন, বারাসাত: নিজের স্ত্রী ও মেয়েকে কাঠের মুগুর দিয়ে খুন করার অভিযোগে সোমবার বারাসাত আদালত শেখর দেবনাথকে যাবজ্জীবন কারাদণ্ড ও দশ হাজার টাকা জরিমানা করল। ২০১৮ সালের ১৮ মার্চ এই জোড়া খুনের ঘটনা ঘটে হাবড়া থানার মছলন্দপুর এলাকায়। নিজের স্ত্রী মিঠু দেবনাথ ও মাধ্যমিক পরীক্ষার্থী মেয়েকে পূজা দেবনাথ কাঠের মুগুর দিয়ে মাথায় মেরে গলায় দড়ি দিয়ে ঝুলিয়ে দেয় শেখর। স্ত্রী বাজারে গেলে প্রথমে মেয়ে পরে বাজার থেকে ফিরলে স্ত্রীকে মুগুর দিয়ে মেরে মৃত্যু নিশ্চিত করতে গলায় ফাঁস লাগিয়ে খুন করে। তারপর থেকে হাবরা থানার পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করে। গত শনিবার ৩০২ ও ২০১ ধারায় বারাসাত আদালত শেখর দেবনাথকে দোষী সাব্যস্ত করে এদিন তার যাবজ্জীবনের সাজা ঘোষণা করে বিচারক। আদালত সূত্রে জানা গেছে মদ্যপ শেখর অভাবে ও দেনাতে তার নিজের স্ত্রী ও মেয়েকে খুন করেছিলো।

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI Relationship beyond banking

বর্ধমান জোনাল অফিস, ৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর - ২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান
পিন - ৭১৩২১২, ইমেল - zo.bardhaman@bankofindia.com

দায়বদ্ধ স্বর্ণারত্ন/অলংকার/মুদ্রা সাধারণ নিলামে বিক্রির নোটিশ

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, নিম্নোক্ত স্বর্ণ ঋণগ্রহীতাগণ, তাদের আইনি উত্তরাধিকারীগণ, ব্যক্তিগণ স্বর্ণালংকার ব্যবসায়ে যুক্ত/গহনা/মুদ্রা এবং সাধারণের অবগতির জন্য জানানো হচ্ছে যে ব্যাঙ্ক কর্তৃক একাধিকবার নোটিশ/এবং লিখিত তাগাদা দেওয়া সত্ত্বেও নিম্নোক্ত ঋণগ্রহীতাগণ ব্যাঙ্কের বকেয়া আদায় দেননি।

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ তাদের স্বর্ণ ঋণ অ্যাকাউন্টে (সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত যাবতীয় সুদ, শুল্ক চার্জ এবং ব্যয় সহ) **২৭.০১.২০২৫ সকাল ১০টা থেকে ২৮.০১.২০২৫ তারিখের মধ্যে যাবতীয় বকেয়া আদায় দিতে ব্যর্থ হলে ব্যাঙ্কের শাখা প্রেমিসেসে দায়বদ্ধ স্বর্ণালংকার/রত্ন/মুদ্রা সমুদয় সাধারণ নিলামে** বিক্রয়ের ব্যবস্থা করবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে উক্ত ঋণগ্রহীতাগণের অসুবিধা বা ক্ষতির বিষয়ে ব্যাঙ্ক কোনও দায় বহন করবে না এবং কোনও অভিযোগ বা প্রতিনিধিত্ব ঋণগ্রহীতাদের তরফে গ্রাহ্য হবে না। **যে সকল আগ্রহী ব্যক্তি সংশ্লিষ্ট নিলামে অংশ নিতে উৎসুক তাদের ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) ব্যাঙ্ক ম্যানেজারের নিকট সংশ্লিষ্ট তারিখ এবং সময়ের পূর্বে** দাখিল করতে হবে বায়না জমা হিসেবে। যে সকল ব্যক্তি চূড়ান্ত ডাকে অংশ নেবেন তাদের ৪৮ ঘন্টার মধ্যে ব্যাঙ্কের নিকট সম্পূর্ণ মূল্য দাখিল করতে হবে, অন্যথায় ব্যর্থ হলে ব্যাঙ্কের নিকট দাখিল করা বায়না জমা বাজেয়াপ্ত হবে। ব্যাঙ্ক সংশ্লিষ্ট ডাকের পরিমাণ অপর্যাপ্ত বিবেচনায় নিলাম বাতিল করার অধিকার রাখে। ব্যাঙ্ক কোনও কারণ না দেখিয়েই উক্ত নিলামের সূচি, তারিখ, সময় বা স্থান পরিবর্তনের বা বাতিলের অধিকার রাখে।

অ্যাকাউন্ট নং এবং শাখা	ঋণগ্রহীতার নাম	ঠিকানা	সোনার মোট ওজন
৪৩৮৯৭৭৬১০০০০৩৫৮ এবং উখরা শাখা	পিন্টু গরাই	পাঁচ কালীতলা, উখরা, জেলা - পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ	৩.৩৯ গ্রাম
৪৩০৩৭৭৬১০০০২৫৬১ এবং কালারা শাখা	সন্দীপ কুমার ঘোষ	গ্রাম - আরাসুল, পো- জামালপুর, জেলা - পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন - ৭১৩৪০৮	১১.০০ গ্রাম
৪১৮৩৭৭৬১০০০০১০১ এবং ঝালদা শাখা	বিপুল ভদ্র	নমোপাড়া, ঝালদা, ওয়ার্ড নং ৬, পুরুলিয়া	১১.৭৩০ গ্রাম

তারিখ : ০৭.০১.২০২৫ অনুমোদিত অফিসার
স্থান : দুর্গাপুর ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

SBI স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, বর্ধমান
উল্লাস গেট নং ১, বর্ধমান - ৭১৩১০৪, ইমেল ঃ sbi.14817@sbi.co.in

ই-নিলাম বিক্রয় নোটিশ

অনুমোদিত অফিসারের বিস্তারিত ঃ নাম ঃ অভিজিৎ চক্রবর্তী, ইমেল আইডি ঃ sbi.14817@sbi.co.in, মোবাইল নং ঃ ৯৬৭৪৪৫৮৮৮৮

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]

স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিনকস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে

ই-নিলামের তারিখ এবং সময় ঃ তারিখ ঃ ০৭.০২.২০২৫
সময় ঃ ২৪০ মিনিট বেলা ১১টা থেকে বিকেল ৩টে পর্যন্ত ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ প্রতিটি ডাকের জন্য সহ
সম্পত্তি পর্যবেক্ষণের তারিখ : ৩১.০১.২০২৫, সময় : সকাল ১১টা থেকে দুপুর ৩টে পর্যন্ত

সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ) এর প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে যে নির্ধারিত ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার** কর্তৃক **কার্যকরী দখলীকৃত** এবং তা বিক্রয় করা হবে **'যেখানে যেমন আছে', 'যেখানে যা আছে' এবং 'যেখানে যেমন অবস্থায় আছে'** ভিত্তিতে ০৭.০২.২০২৫ তারিখে **সকাল ১১টা থেকে বিকেল ৩টার মধ্যে।**

ক্রম নং ০১ — **[দ্রষ্টব্য সংস্থান রুল ৮(৬)]**

সংশ্লিষ্ট **৪৫,৪৮,৬১৭.০০ টাকা (০৮.০৬.২০২৩ অনুযায়ী)** পরবর্তী সুদ, অন্যান্য ব্যয় এবং শুল্ক জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া **মেসার্স অন্নপূর্ণা ভান্ডার ১) স্বত্বা - শ্রী দেবানন্দ সিংঘ,** পিতা প্রয়াত বিজয় কুমার সিংঘ **২) শ্রী বিবেকানন্দ সিং** পিতা দেবানন্দ সিংঘ **৩) শ্রী দেবানন্দ সিংঘ (সহ-আবেদনকারী তথা বন্ধকদাতা), ৪) শ্রীমতী বন্দনা সিং (ব্যক্তিগত জামিনদাতা)** স্বামী দেবানন্দ সিং-এর কাছ থেকে আদায় সম্পর্কিত।

সংরক্ষিত মূল্য ঃ

২২.৬৮ লাখ টাকা এবং বায়না জমা ২,২৬,৮০০.০০ টাকা
ডাক বর্ধিতকরণ পরিমাণ **২০,০০০.০০ টাকা**
(জ্ঞাত দায়বদ্ধতা সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ)

সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ এরিয়া ১ ১/২ , ডেসিমেল (দলিল নং ১-৬৪১৩/১৯৯৯ এরিয়া ১ ডেসিমেল এবং দলিল নং ১-৮৪০৩/২০০৯, এরিয়া **০.৫০ ডেসিমেল,** মোট এরিয়া ১ ১/২ , ডেসিমেল।) মৌজা : সাঁইথিয়া, জেএল নং ৯৫, আরএস প্লট নং ৯৩৯, এলআর প্লট নং ২৩০৭(ঐ), খতিয়ান নং ১৫৪(ঐ),এলআর খতিয়ান নং ১৯৩৯(ঐ), হোল্ডিং নং ৫৯ , সাঁইথিয়া পুরসভার ওয়ার্ড নং ১১ অধীন, পশ্চিমবঙ্গ। **সম্পত্তি শ্রী দেবানন্দ সিংহ,** পিতা প্রয়াত বিজয় কুমার সিংহ, মহল্লা- ছত্রী পাড়া, থানা এবং পো : সাঁইথিয়া, পিন : ৭৩১২৩৪, জেলা : বীরভূম, পশ্চিমবঙ্গ।

সম্পত্তি কার্যকরী দখলীকৃত

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট **www.sbi.co.in** এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন **https://ebkray.in** এবং/বা **https://BAANKNET.com**
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ **PSB Alliance Pvt. Ltd.** সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে **NEFT/RTGS** স্থানান্তর করে।

তারিখ ঃ ০৭.০১.২০২৫ সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনও বিতর্কের সৃষ্টি হলে ইংরাজি মাধ্যমকেই সঠিক গণ্য করতে হবে অনুমোদিত অফিসার
স্থান ঃ বর্ধমান এসবিআই, স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, বর্ধমান

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

কৃষ্ণনগর প্রধান শাখা
কৃষ্ণনগর, জেলা - নদীয়া, পিন - ৭৪১১০১
ই-মেইল আইডি: k813@indianbank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট-৪-এ [রুল ৮(৬) -এর অনুবিধি দেখুন]

২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এমফোর্সমেন্ট) রুলস ৮(৬) -এর অনুবিধির সঙ্গে পঠিত ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল এ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি অ্যাক্ট অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ)/এবং জামিনদার(গণ) -কে নোটিশ দেওয়া হচ্ছে যে, নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি(গুলি) সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক/চার্জ করা হয়েছে, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত পাওনাদার)** -এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, যা ১৪.০২.২০২৫ তারিখে বিক্রি করা হবে **''যেখানে যেমন আছে'', '' যা আছে তা আছে''** এবং **''সেখানে যা কিছু আছে''** ভিত্তিতে বকেয়া রাশি পুনরুদ্ধারের জন্য যা নিচে উল্লিখিত প্রতিটি অ্যাকাউন্টের সাপেক্ষে, নিম্নে বর্ণিত ঋণগ্রহীতা(গণ) -এর কাছ থেকে, যা **ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা**-এর প্রাপ্য।

ই-অকশন মোডের মাধ্যমে বিক্রয়ের উদ্দেশ্যে সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে বর্ণনা করা হয়েছে :

ক্র নং	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা/জামিনদারের নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার বকেয়া পরিমান	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির উপর দায়বদ্ধতা চ) দখলের ধরণ
১.	**ক) ১. ঋণগ্রহীতা / স্বত্বাধিকারী : শ্রী বিশ্বনাথ ঘোষ,** পিতা- মন্টু ঘোষ, বি.কে. মোদক লেন (নগেন্দ্র নগর ১ম লেন), হোল্ডিং নং ৪৯, ওয়ার্ড নং ২৩, কৃষ্ণনগর পৌরসভার অধীনে, পোস্ট- কৃষ্ণনগর, থানা - কোতোয়ালি, জেলা - নদীয়া, পিন- ৭৪১১০১, পশ্চিমবঙ্গ **২. জামিনদার/ বন্ধকদাতা: মিস দুর্গা ঘোষ,** বি.কে. মোদক লেন (নগেন্দ্র নগর ১ম লেন), হোল্ডিং নং ৪৯, ওয়ার্ড নং ২৩, কৃষ্ণনগর পৌরসভার অধীনে, পোস্ট- কৃষ্ণনগর, থানা - কোতোয়ালি, জেলা - নদীয়া, পিন - ৭৪১১০১, পশ্চিমবঙ্গ **খ) কৃষ্ণনগর প্রধান শাখা**	সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ এবং তদস্থিত ভবন অবস্থিত মৌজা : কৃষ্ণনগর, হোল্ডিং নং ৪৯, বি কে মোদক লেন (নগেন্দ্র নগর ফার্স্ট লেন), ওয়ার্ড নং ২৩, কৃষ্ণনগর পুরসভা অধীন, থানা: কোতোয়ালি, জেলা : নদিয়া, জেএল নং ৯২, এলআর খতিয়ান নং ৩১৮৭০, প্লট নং এলআর ৮১০, জমির এরিয়া ১.৯৯ ডেসিমেল, জমির ক্যাটাগরি : বাড়ি, স্বত্ব দলিল নং ৬৪১৭/২০০৮, নথিভুক্ত অফিস এডিএসআর -কৃষ্ণনগর, বুক নং ১, ভল্যুম নং ২৮, পৃষ্ঠা ২৩ থেকে৩৩, তারিখ ২৩.০৭.২০০৮, **শ্রীমতী দুর্গা ঘোষ -এর নামে। চৌহদ্দি :** উত্তরে : দুর্গা ঘোষের সম্পত্তি; দক্ষিণে : গৌর হালদারের সম্পত্তি; পূর্বে : দশরথ হালদারের সম্পত্তি ; পশ্চিমে : সড়ক।	**২৫,৬১,৯৬০.০০ টাকা** (পঁচিশ লক্ষ একষট্টি হাজার নয়শো ষাট টাকা মাত্র) (বিবি + এমওআই = ১৯,৩৫,৪৪৩.০০ টাকা + ৬,২৬,৫১৭.০০ টাকা) ০৬.০১.২০২৫ অনুযায়ী বকেয়া তদুপরি আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ।	**ক) ২১,৬৩,০০০.০০ টাকা** (একুশ লক্ষ তেষট্টি হাজার টাকা মাত্র) **খ) ২,১৬,৩০০.০০ টাকা** (দুই লক্ষ যোল হাজার তিনশো টাকা মাত্র) **গ) ১০,০০০.০০ টাকা** (দশ হাজার টাকা মাত্র) **ঘ) IDIB30017936298** **ঙ) ব্যাংকের কাছে অজানা** **চ) প্রতীকী দখল**
২.	**ক) ঋণগ্রহীতা তথা বন্ধকদাতা: শ্রী সমীর ঘোষ,** পিতা- মন্টু ঘোষ, বি.কে. মোদক লেন (নগেন্দ্র নগর ১ম লেন), হোল্ডিং নং ৪৯, ওয়ার্ড নং ২৩, কৃষ্ণনগর পৌরসভার অধীনে, পোস্ট- কৃষ্ণনগর, থানা - কোতোয়ালি, জেলা - নদীয়া, পিন -৭৪১১০১, পশ্চিমবঙ্গ **খ) কৃষ্ণনগর প্রধান শাখা**	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং দোতলা ভবন, মৌজা : কৃষ্ণনগর, বি কে মোদক লেন (নগেন্দ্র নগর ফার্স্ট লেন), চালতা পুকুরের নিকট, হোল্ডিং নং ৫০, ওয়ার্ড নং ২৩, কৃষ্ণনগর পুরসভা অধীন, থানা : কোতোয়ালি, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন : ৭৪১১০১, জেএল নং ৯২, এলআর খতিয়ান নং ৪৪৩৭২, প্লট নং ৮১৭, জমির এরিয়া ১.৫০ ডেসিমেল, জমির ক্যাটাগরি -বাড়ি,। স্বত্ব দলিল নং ৮৩৭১/২০১৬, রেজিস্ট্রিকৃত অফিস এডিএসআর -কৃষ্ণনগর, বুক নং ১, ভল্যুম নং ১৩০২-২০১৬, পৃষ্ঠা ১৫৮৬৮০ থেকে ১৫৮৭০৯, তারিখ ০৬.১০.২০১৬, **সমীর ঘোষের নামে। চৌহদ্দি:** উত্তরে : ভবেশ দে এর সম্পত্তি; দক্ষিণে : শ্যামল দে এর সম্পত্তি; পূর্বে : ৮ ফুট চওড়া কংক্রিট রোড; পশ্চিমে: শ্রী হরি হালদারের সম্পত্তি।	**২২,৭৪,৭৭০.৩৯ টাকা** (বাইশ লক্ষ চুয়াত্তর হাজার সাতশো সত্তর টাকা উনচল্লিশ পয়সা মাত্র) (বিবি + এমওআই = ১৫,৫৮,৩৪৯.০০ টাকা + ৭,১৬,৪২১.৩৯ টাকা) ০৬.০১.২০২৫ অনুযায়ী বকেয়া তদুপরি আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ।	**ক) ১৬,৪২,০০০.০০ টাকা** (যোল লক্ষ বিয়াল্লিশ হাজার টাকা মাত্র) **খ) ১,৬৪,২০০.০০ টাকা** (এক লক্ষ চৌষট্টি হাজার দুইশত টাকা মাত্র) **গ) ১০,০০০.০০ টাকা** (দশ হাজার টাকা মাত্র) **ঘ) IDIB30154090202** **ঙ) ব্যাংকের কাছে অজানা** **চ) প্রতীকী দখল**

(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের উপর হতে হবে

ই-অকশনের তারিখ ও সময়: তারিখ : ১৪.০২.২০২৫; সময় : সকাল ১১.০০টা থেকে বিকাল ০৫.০০টা
ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম : https://baanknet.com

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-অকশন পরিষেবা প্রদানকারী **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** -এর পোর্টাল ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ -এর হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ইমেইল আইডি- support.BAANKNET@psballiance.com** এবং পরিষেবা প্রদানকারীদের হেল্প ডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরে যোগাযোগ করুন। **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** এর সঙ্গে রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে - **support.BAANKNET@psballiance.com** -এ যোগাযোগ করুন।
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ছবি এবং অকশনের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন: **(https://baanknet.com)** এবং এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, **অনুগ্রহ করে যোগাযোগ করুন, হেল্পডেস্ক নং : ৮২৯১২ ২০২২০।**
দরদাতাদের (https://baanknet.com) ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: এই বিজ্ঞপ্তিটি ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ) -এরও প্রতি

তারিখ: ০৬.০১.২০২৫ অনুমোদিত অফিসার
স্থান : কৃষ্ণনগর ইন্ডিয়ান ব্যাঙ্ক

এল&টি ফাইনান্স লিমিটেড
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
রেজিস্টার্ড অফিস: এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
ব্রাঞ্চ অফিস: কলকাতা

L&T Finance

বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিক অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নম্বর (গুলি)	শারীরিক দখল নেওয়া	আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়)	সর্বমোট বকেয়া আছে 21/10/2024 অনুসারে	রক্ষিত মূল্য (টাকায়)	ইনস্পেকশনের তারিখ	অকশনের তারিখ এবং সময়
1) সুধাকর শর্মা 2) সুরেন্দর কুমার শর্মা 3) সেন্ট্রোনিক ইনফোটেক (ইহার মালিক সুধাকর শর্মা মাধ্যমে)	অনুসূচি -ক্র সমস্ত খণ্ড ও অংশ সম্পত্তির ঠিকানা : বৈদ্যবাটী পৌরসভার সীমার মধ্যেই পৌরসভা ওয়ার্ড নং 15, রক্ষাকালী মন্দিরের নিকটে, বৈদ্যবাটী, হুগলী, পশ্চিমবঙ্গ 712222 অধীনে বর্তমানে পৌরসভা হোল্ডিং নং 63/এ(29), চতুস্পতি লেন হিসাবে জ্ঞাত ও নাম্বার যুক্ত হুগলী জেলাতে থানা শ্রীরামপুর অধীনে মৌজা বৈদ্যবাটী জে.এল.নং 5, আর.এস. নং 907, তৌজা নং 144'তে আর.এস. খতিয়ান নং 340, এল.আর. খতিয়ান নং 19072/1 অন্তর্গত আর.এস. দাগ নং 2382'র অংশ গঠন করা উহাতে দণ্ডায়মান ইঁটের দেওয়াল টালির ছাউনিযুক্ত ইমারতের সঙ্গে একত্রে 2 কাঠা ও 14 ছটাক পরিমাপের জমি এবং নিম্নরূপে সীমানাবদ্ধ :– চতুর্সীমানা: পূর্ব – 8 ফুট চওড়া রাস্তা; পশ্চিম – একতলা ইমারত; উত্তর – দোতলা ইমারত; পশ্চিম – একতলা ইমারত এবং আংশিক 2 তলা ইমারত	KOLHL17000017 KOLHL20000152 KOLHL20000166 KOLHL17000534	05.09.2024	টাঃ 5,72,454.70	টাঃ 1,11,06,207.20	টাঃ 57,24,547	আগাম অ্যাপয়েন্টমেন্ট সহ সমস্ত কাজের দিন সকাল 10টা থেকে বিকেল 5টা 30 পর্যন্ত	24.01.2025 থেকে বেলা 12টা থেকে দুপুর 2টো পর্যন্ত

পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.auctiontiger.net/EPROC/ - এ SARFAESI অহিনের বর্ধনের অধ নে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায়।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **23.01.2025**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **24.01.2025** -তারিখের 18:00 ঘন্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **24.01.2025**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটেড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনুসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শন বা অধিক বিবরণের জন্যে, সম্ভাব্য দরদাতাগণ অনুমোদিত আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন, অর্থাৎ **''নাম – আশীষ সাহা, যোগাযোগের নং 9800868054, এল অ্যাণ্ড টি ফিন্যান্স লিমিটেড, 15 তল, পিএস সৃজন টেক পার্ক, প্লট 52, ব্লক ডিএন, সল্টলেক, সেক্টর 5, কোলকাতা 700091 পশ্চিমবঙ্গ এবং সন্তোষ তিওয়ারি, যোগাযোগ নং 9920490126, এল অ্যাণ্ড টি ফিন্যান্স লিঃ – কার্যালয় : 6ষ্ঠ তল, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের নিকটে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বই – 400 098.** ই-অকশনের যেকোন পর্যায়ে, অনুমোদিত আধিকারিক বিড/অফার গ্রহণ/প্রত্যাখ্যান/কিছুটা পরিবর্তন/বাতিল বা ই-অকশন স্থগিত করতে পারেন উহার কোনও কারণ আরোপ করা ছাড়াই এবং কোনও আগাম বিজ্ঞপ্তি দেওয়া ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিশ্চিত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসএআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল&টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

তারিখ: 07.01.2025 স্বাক্ষরিত
স্থান: কলকাতা **অনুমোদিত আধিকারিক**
এল&টি ফাইনান্স লিমিটেড-এর তরফে

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস - চুঁচুড়া
পো. এবং গ্রাম - বেঙ্গাই, জেলা - হুগলি, পশ্চিমবঙ্গ, হুগলি - ৭১২৬১১
ই-মেল bengai@indianbank.co.in

পরিশিষ্ট IV-A স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি [দ্রষ্টব্য রেগুলেশন রুল ৮(৬)]

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি ইন্ডিয়ান ব্যাঙ্ক জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার প্রতীকী/স্বত্ব দখলীকৃত **''যেখানে যে অবস্থায় আছে'', ''যেখানে যা আছে'' এবং ''যেখানে যেমন আছে''** ভিত্তিতে বিক্রি করা হবে **১৪.০২.২০২৫ তারিখ সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে** নিম্নে বর্ণিত প্রতিটি অ্যাকাউন্ট অধীনে বকেয়া ইন্ডিয়ান ব্যাঙ্ক, জামিনদত্ত ঋণদাতা কর্তৃক আদায়ের জন্য।

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	সম্পত্তির বিস্তারিত	জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির দায়বদ্ধতা চ) দখলের ধরণ
১	ক) **মেসার্স অর্ঘ্য মুখার্জি (ঋণগ্রহীতা)** পিতা চঞ্চল মুখার্জি, গ্রাম রাজাগ্রাম পো - রঘুবাটি, থানা - গোঘাট, জেলা - হুগলি, ৭১২৬১৪ **চঞ্চল মুখার্জি (জামিনদাতা)** পিতা শ্রী সন্তোষ মুখার্জি, গ্রাম - রাজাগ্রাম, পো - রঘুবাটি, থানা - গোঘাট, জেলা - হুগলি, ৭১২৬১৪ **খ) শাখা - বেঙ্গাই**	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত ভবন পরিমাণ ০৪ শতক কমবেশি অবস্থিত মৌজা : রাজাগ্রাম, জেএল নং ৫৫, এলআর খতিয়ান নং ১১৮১, এলআর দাগ নং ১০০৭, রঘুবাটী গ্রাম পঞ্চায়েত অধীন, থানা : গোঘাট,জেলা : হুগলি, রেজিস্ট্রিকৃত এডিএসআর গোঘাট, উল্লেখ্য দলিল নং ৫০৯১-২০১৮ সালের, তারিখ ২৪.০৮.২০১৮, বুক নং ১, ভল্যুম নং ০৬০৯-২০১৮, পৃষ্ঠা ৯০৭৮ থেকে ৯৯০৯৫, অর্ঘ্য মুখার্জির নামে।	৪,৮৬,১৪২ টাকা (চার লাখ ছিয়াশি হাজার একশ বিয়াল্লিশ টাকা) (উপরোক্ত অ্যাকাউন্টে সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত সুদ সহ) ০৬.০১.২০২৫ অনুযায়ী এবং ০৭.০১.২০২৫ থেকে পরবর্তী সুদ, চার্জ এবং ব্যয় সহ	ক) **১১,৯৮,০০০ টাকা (এগার লাখ আটানব্বই হাজার টাকা)** খ) **১,১৯,৮০০ টাকা (এক লাখ উনিশ হাজার আটশ টাকা)** গ) **১০,০০০ টাকা (দশ হাজার টাকা)** ঘ) IDIB50518066202 ঙ) আমাদের জ্ঞাত নয় চ) প্রতিকী দখল

ই-নিলামের তারিখ এবং সময় : তারিখ : ১৪.০২.২০২৫, সময় : সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত
ই-নিলাম পরিষেবা প্রদানকারী প্ল্যাটফর্ম : https://baanknet.com

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী পিএসবি অ্যালায়েন্স প্রা. লি.-এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে ফোন করুন ৮২৯১২২০২২০। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানতে অনুগ্রহ করে মেল করুন support.ebkray@psballiance.com
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ফটোগ্রাফ এবং নিলামের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন **https://baanknet.com** এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, অনুগ্রহ করে হেল্প লাইন নম্বর ৮২৯১২২০২২০-এ যোগাযোগ করুন।
দরদাতাদের https://baanknet.com-এর সাথে ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য : সংশ্লিষ্ট এই নোটিশ ঋণগ্রহীতা(গণ)/বন্ধকদাতা(গণ)/জামিনদাতা(গণ)/-এর উদ্দেশ্যেও

যোগাযোগের ব্যক্তি : ১. রণধীর কুমার, অনুমোদিত অফিসার (মো - ৭২৭৭০৬৪০০০)/২. অরূপ নস্কর, শাখা ম্যানেজার (মো - ৯৮০৪৩২০৪২৪)

তারিখ : ০৬.০১.২০২৫ স্বা/- অনুমোদিত অফিসার
স্থান : বেঙ্গাই ইন্ডিয়ান ব্যাঙ্ক